

সারাদেশ

বিজয়নগরে বাসে তল্লাশি, ৪২ লাখ টাকার ভারতীয় কম্বল জব্দ

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে সিলেট থেকে ঢাকাগামী একটি বাসে তল্লাশি চালিয়ে ৪২ লাখ ৬০ হাজার টাকা মূল্যের ৪২৬ পিস ভারতীয় উন্নতমানের কম্বল জব্দ করেছে সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি)।

শনিবার (২২ আগস্ট) বিকেল ৪টা ১৫ মিনিটের দিকে গোপন সংবাদের ভিত্তিতে ব্রাহ্মণবাড়িয়া ট্রানজিট ক্যাম্পের একটি বিশেষ টহলদল এ অভিযান পরিচালনা করে।

বিজিবি সূত্রে জানা যায়, সীমান্ত পিলার ২০০১/এমপি থেকে প্রায় ৫ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে বিজয়নগর উপজেলার ইসলামপুর এলাকায় বিশেষ অভিযান চালায় বিজিবির টহলদল। এ সময় সিলেট থেকে ঢাকাগামী একটি রোমার পরিবহন বাসকে সন্দেহ হলে থামিয়ে তল্লাশি করা হয়।

তল্লাশির একপর্যায়ে বাসটি থেকে ভারতীয় উন্নতমানের ৪২৬ পিস কন্সল উদ্ধার করা হয়। জব্দ করা কন্সলগুলোর আনুমানিক সিজার মূল্য ৪২ লাখ ৬০ হাজার টাকা।

আটক করা ভারতীয় কন্সলগুলো আখাউড়া কাস্টমস অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে জানিয়েছে বিজিবি।

সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) জানায়, তাদের দায়িত্বপূর্ণ ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর ও আখাউড়া এবং হবিগঞ্জের মাধবপুর উপজেলার সীমান্ত এলাকায় নিরাপত্তা রক্ষা ও চোরাচালান প্রতিরোধে বিজিবির অভিযান ও গোয়েন্দা তৎপরতা অব্যাহত রয়েছে।

এরই ধারাবাহিকতায় সীমান্তবর্তী বিভিন্ন এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করে চোরাচালানি মালামাল আটক করা হচ্ছে বলেও জানায় বিজিবি।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২.২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/bijyngre-base-tllashi-42-lakh-takar-bhartiy-kmbi-jbd>